LPG AUTO GAS OWNERS' ASSOCIATION BANGLADESH

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners' Association, Bangladesh

House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01765038390, 01711524712, 01704179247
Email: lpgautogasbd2019@gmail.com, bdlpgautogas19@gmail.com
Website: lpgautogasbd.com

সূত্রঃ এলপিজি/বিইআরসি/মূল্যহার/আবেদন/১৯০৮ তারিখঃ ১৯ আগস্ট, ২০২১ ইং

বরাবর
চেয়ারম্যান,
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ সকল অটোগ্যাস স্টেশনে বিইআরসি'র নির্ধারিত এলপিজি'র বিক্রয়মূল্য বাস্তবায়নে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।**

মহোদয়,
আসসালামু আলাইকুম,

যথাবিহীত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, গত ১২ এপ্রিল, ২০২১ ইং তারিখ হতে বর্তমান ২৯ জুলাই, ২০২১ ইং তারিখ পর্যন্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রনীত সৌদি সিপি অনুযায়ী ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের বিক্রয়মূল্য বাস্তবায়নের জন্য আমাদের এসোসিয়েশনের পক্ষ থেকে সকল এলপিজি অটোগ্যাস স্টেশন মালিকগনকে উৎসাহিত করে আসছি। কিন্তু অধিকাংশ অপারেটরদের কাছ থেকে বিইআরসি'র নির্ধারিত ক্রয়মূল্যে এলপিজি সরবরাহ না পাওয়ায় তা পুরোপুরি বাস্তবায়ন করা অনেক কষ্টসাধ্য হয়ে পড়েছে।

অধিকাংশ অটোগ্যাস স্টেশন মালিকগণ আমাদেরকে জানিয়েছেন যে, তাঁরা বিইআরসি'র নির্ধারিত বিক্রয়মূল্যে গ্যাস বিক্রয় করছেন। কিন্তু কিছু কিছু স্টেশন মালিক বিইআরসি'র নির্ধারিত বিক্রয়মূল্যে গ্যাস বিক্রি করতে রাজি হচ্ছেন না এবং বিইআরসি'র নির্ধারিত বিক্রয়মূল্যের চেয়ে কম/বেশী মূল্যে গ্যাস বিক্রয় করার কারনে আশেপাশের অটোগ্যাস ষ্টেশনগুলো ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে এবং বিক্রয়মূল্যে ভিন্নতা থাকার কারনে গ্রাহকদের সাথে মালিকদের দ্বন্দ্ব-ঝগড়া হচ্ছে, সুসম্পর্ক নষ্ট হচ্ছে, বিশৃঙ্খলতা সৃষ্টি হচ্ছে এবং মালিকগণ তাদের নিয়মিত গ্রাহক হারাচ্ছেন। ফলে তাঁরাও নিজেদের গ্রাহক ধরে রাখার জন্য এবং তাদের পূর্বের দৈনিক বিক্রয় অব্যাহত রাখার জন্য বিইআরসি'র নির্ধারিত বিক্রয়মূল্য অমান্য করতে বাধ্য হচ্ছেন। এই সমস্যা সমাধানের লক্ষ্যে এবং চলমান বিশৃঙ্খলতা দূরীকরণের জন্য বিইআরসি'র পক্ষ থেকে প্রশাসনিক সহযোগিতা এখন আবশ্যক হয়ে দাঁড়িয়েছে।

এমতাবস্থায়, মহোদয়ের নিকট বিনীত আরজি এই যে, সারাদেশে সকল অটোগ্যাস স্টেশনে বিইআরসি'র নির্ধারিত এলপিজি'র বিক্রয়মূল্য বাস্তবায়নে এবং চলমান বিশৃঙ্খলা দূরীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রশাসনিক ব্যবস্থা গ্রহনের জন্য আদেশ জারী করে এলপিজি অটোগ্যাস ব্যবসাকে নিরাপদ এবং বিনিয়োগ বান্ধব করে তুলতে সক্রিয় ভূমিকা পালন করার জন্য সবিনয় অনুরোধ করছি।

উক্ত বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

নিবেদক,

LPG AUTO GAS STATION AND CONVERSION WORKSHOP OWNERS' ASSOCIATION ★ BANGLADESH

মোহাম্মদ সিরাজুল মাওলা
সভাপতি

Bangladesh Energy Regulatory Commission
Received
19 AUG 2021
Content Not Verified.
Sign: